বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নের দাবীতে মশাল মিছিল

আইয়ুব আলী ময়মনসিংহ:: ইন্টেরিম সরকার ঘোষিত তিস্তা মহাপরিকল্পনা দ্রুত বাস্তবায়নের দাবীতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শাখা বৃহত্তর রংপুর সমিতির উদ্যেগে বৃহস্পতিবার সন্ধায় মানববন্ধন এবং মশাল মিছিল অনুষ্ঠিত হয়েছে। মানববন্ধন শেষে বক্তারা বলেন, তিস্তা সংকট দেশের একটি জাতীয় সমস্যা, তিস্তা পাড়ের ৫ টি জেলা রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট, নীলফামারী এবং কুড়িগ্রাম জেলার মেহনতি মানুষ, কৃষক-শ্রমিক, দিনমজুরসহ সকলেই তিস্তার পানির ন্যায্য হিস্যা থেকে বঞ্চিত। ইনটেরিম সরকার দায়িত্ব নেওয়ার পর তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নের ঘোষণা দিলেও দুঃখের বিষয় তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়নের জন্য যে সময় নির্ধারণ করেছিলো ইনটেরিম সরকার তা এখনো বাস্তবায়ন শুরু করা হয় নি। মিছিল ও মানববন্ধনে বক্তব্য রাখেন, প্রফেসর ড. মো. আসাদুজ্জামান সরকার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারন সম্পাদক ও সহ সভাপতি বৃহত্তর রংপুর সমিতি বৃহত্তর রংপুর সমিতির কোষাধ্যক্ষ ইঞ্জিনিয়ার এনামুল হক, যুগগ্ম সাধারন সম্পাদক মেজবাউল হক মিজু, ছাত্র ফ্রন্টের সাধারন সম্পাদক সঝিব দাস, ছাত্র শিবিরের সাধারন সম্পাদক আব্দুল্লাহ আল মঈন প্রমুখ।

‎বক্তারা আরও বলেন, তিস্তা মহাপরিকল্পনা বাস্তবায়ন আমাদের ন্যায্য অধিকার, বাংলাদেশের মানুষের ন্যায্য অধিকার বাস্তবায়নে সরকারকে দ্রুত পদক্ষেপ নিতে দাবী জানান।